গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশাসন শাখা
www.mole.gov.bd

বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার যথাযথভাবে বাস্তবায়ন ও ওয়েবসাইটের সেবাবক্সসমূহ পরিবীক্ষণ করার নিমিত্ত গঠিত কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রাশিদুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মন্ত্রণালয়-সভাকক্ষ (কক্ষ নং-৪২২) |
| সভার তারিখ | : | ২৯ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ |
| সময় | : | সকাল ১০.০০ মিনিট |
| উপস্থিত সদস্য | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যকে এবং অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের প্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব মনোয়ারা বেগম, সিনিয়র সহকারী সচিব সভায় অবহিত করেন যে, সিটিজেন চার্টার যথাযথভাবে প্রণয়নের জন্য সচিবালয় নির্দেশমালা ২০১৪ -এর ৮ম অধ্যায়ের ২৫৯ অনুচ্ছেদে নির্দেশনা রয়েছে। মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার ৬ সেপ্টেম্বর ২০২০ তারিখে হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। প্রণীত সিটিজেন চার্টার যথাযথভাবে বাস্তবায়ন এবং ওয়েবসাইটের সেবাবক্সসমূহ পরিবীক্ষণ করার জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং জাতীয় শুদ্ধাচার কর্মকৌশলে নির্দেশনা রয়েছে। তিনি সভার আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন।

অতপর: উপস্থিত কমিটির সদস্যগণ এবং অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের প্রতিনিধিদের সিটিজেন চার্টার পরিবীক্ষণ ও যথাযথভাবে বাস্তবায়ন ও ওয়েবসাইটের সেবাবক্সসমূহ পরিবীক্ষণের নিমিত্ত বিস্তারিত আলোচনা করেন এবং মতামত ব্যক্ত করেন।

২। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র/নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.১ | এ মন্ত্রণালয়ের অধিশাখা/শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রস্তুতকৃত সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহ যথাযথভাবে দেওয়া হচ্ছে কী-না সেটি অন্য অধিশাখা/শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিবীক্ষণ করবেন। এ লক্ষ্যে সচিব মহোদয়ের অনুমোদনক্রমে পৃথক অফিস আদেশ জারি করা হবে। | প্রশাসন শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ২.২ | অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ তাদের সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করে আগামী ০৭ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে কমিটির সদস্য সচিবকে জানাবেন। | ১। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>২। শ্রম অধিদপ্তর<br>৩। নিম্নতম মজুরি বোর্ড<br>৪। শ্রম আপীল ট্রাইব্যুনাল |

২৭/০৯/২০২০

| ক্র/নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.৩ | অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ সিটিজেন চার্টার যথাযথভাবে বাস্তবায়ন ও ওয়েবসাইটের সেবাবক্সসমূহ পরিবীক্ষণ করার লক্ষ্যে কমিটি গঠনপূর্বক/ বিদ্যমান কমিটি হালনাগাদপূর্বক মন্ত্রণালয়ের কমিটির সদস্য সচিবকে অবহিত করবেন। | ১। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>২। শ্রম অধিদপ্তর<br>৩। নিম্নতম মজুরি বোর্ড<br>৪। শ্রম আপীল ট্রাইব্যুনাল |
| ২.৪ | মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বর্ণিত সেবাবক্সসমূহ আপডেট করার জন্য এবং নতুন সেবাবক্স অন্তর্ভুক্ত করণের প্রয়োজন থাকলে সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা আগামী ১০ অক্টোবর ২০২০-এর মধ্যে স্ব স্ব শাখা সংশ্লিষ্ট সেবাবক্স আপডেটের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সকল শাখা কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ২.৫ | অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ স্ব স্ব ওয়েবসাইটে বর্ণিত সেবাবক্সসমূহ আগামী ১০ অক্টোবর ২০২০-এর মধ্যে আপডেট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>২। শ্রম অধিদপ্তর<br>৩। নিম্নতম মজুরি বোর্ড<br>৪। শ্রম আপীল ট্রাইব্যুনাল |
| ২.৬ | মন্ত্রণালয়ের ওয়েবসাইটের সেবাবক্স আপডেট এবং আপডেটের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| ২.৭ | অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহ যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে কী-না তা পরিবীক্ষণের লক্ষ্যে সচিব মহোদয়ের অনুমতিক্রমে মন্ত্রণালয়ের পৃথক মনিটরিং টিম বিভিন্ন সময়ে অধিদপ্তর/দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের অফিস সমূহ পরিদর্শন করবেন। | সিটিজেন চার্টার যথাযথভাবে বাস্তবায়ন ও ওয়েবসাইটের সেবাবক্স পরিবীক্ষণ কমিটি, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |

২। পরিশেষে, সভাপতি মন্ত্রণালয় এবং অধিদপ্তর/দপ্তর/সংস্থা মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২৯/০৯/২০২০

(মোঃ রাশিদুল ইসলাম)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়



C:\Users\Dell\Desktop\Others\কার্যবিবরণী.docx